



# গুসকরা মহাবিদ্যালয়

গুসকরা, পূর্ব বর্ধমান

তারিখ: ৩০.১২.২০২৫

## প্রথম সেমেস্টার (২০২৫-২৬) ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন-কাম-এনরোলমেন্ট-এর অতিরিক্ত তারিখ এবং ফর্ম ফিলাপ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা বিএ/বিএসসি/বিকম প্রথম সেমেস্টার (২০২৫-২৬)-এ ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে যে, যারা এখনও পর্যন্ত রেজিস্ট্রেশন করতে পারেনি তারা আজ ৩০.১২.২০২৫ থেকে ০১.০১.২০২৬ তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন-কাম-এনরোলমেন্ট ফর্ম অনলাইনে পূরণ করতে পারবে এবং সাবমিট করা রেজিস্ট্রেশন ফর্মের কপি ০২.০১.২০২৬ তারিখে অবশ্যই কলেজে জমা দিতে হবে। এর সঙ্গে রেজিস্ট্রেশন ফি বাবদ ১১০টাকা কলেজের ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে। ঐ তারিখের পর কোনভাবেই রেজিস্ট্রেশন ফর্ম জমা নেওয়া হবে না। প্রত্যেক ছাত্রছাত্রীকে নিজের ABC ID, মোবাইল নম্বর ও ই-মেল দিয়ে নাম রেজিস্ট্রেশন-কাম-এনরোলমেন্ট করতে হবে, অন্যের মোবাইল নং ও ই-মেল আই ডি ব্যবহার করবে না, এখনও পর্যন্ত যদি কারও ABC ID না হয়ে থাকে তাহলে প্রথমে ABC ID তৈরী করে তারপর রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করতে হবে। পরে লগইন করেও ছাত্রছাত্রীরা তাদের বিস্তারিত তথ্য দেখতে পারবে। একজন ছাত্র বা ছাত্রী কেবলমাত্র একবারই নাম রেজিস্ট্রেশন করবে। কোন ভুল বা অসুবিধা হলে কলেজে যোগাযোগ করতে হবে। একই নাম বারবার রেজিস্ট্রেশন করবে না, তাহলে তার সব রেজিস্ট্রেশনই বাতিল হয়ে যাবে।

যারা রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে কলেজে জমা দেবে তাদের প্রথম সেমেস্টার পরীক্ষার জন্য ০২.০১.২০২৬ তারিখের মধ্যে কলেজে এসে ফিজ্ জমা দিয়ে ফর্ম ফিলাপ করতে হবে। ফর্ম ফিলাপ সংক্রান্ত নোটিশ কলেজ ওয়েবসাইটে দেওয়া আছে।

Students Registration Link:

<https://www.digialm.com/EForms/configuredHtml/1254/86290/Registration.html>

Students Login Link:

<https://www.digialm.com/EForms/configuredHtml/1254/86290/login.html>

User manual for students:

[https://drive.google.com/file/d/1HuNEt4wSBBTOew7PPCng98QbFGMR\\_3Rm/view?usp=sharing](https://drive.google.com/file/d/1HuNEt4wSBBTOew7PPCng98QbFGMR_3Rm/view?usp=sharing)



  
অধ্যক্ষ

গুসকরা মহাবিদ্যালয়  
Principal  
Gushkara Mahavidyalaya